



নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি

NILPHAMARI PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী
E-mail : nilpbs@gmail.com
Website: pbs.nilphamari.gov.bd
Facebook page: facebook.com/nilphamaripbs

স্মারক নং-২৭.১২.৭৩৬৪.৫৫৪.০১.০০৮.২৩.৯০০

তারিখঃ ০৫ চৈত্র' ১৪২৯ বঙ্গাব্দ
১৯ মার্চ' ২০২৩ খ্রিঃ

“নীলাম দরপত্র বিজ্ঞপ্তি”

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির ষ্টোরে রক্ষিত ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ, জীপ ও পিক-আপ গাড়ীর পুরাতন টায়ার সমূহ “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে” নীলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা ও স্বাক্ষরসহ সীলগালাযুক্ত খামে নীলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ


ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	দরদাতা কর্তৃক উদ্ধৃত একক নীলাম মূল্য (টাকা)	দরদাতা কর্তৃক উদ্ধৃত মোট নীলাম মূল্য (টাকা)
০১	ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ	২০০০ কেজি (কম/ বেশী)		
০২	জীপ ও পিক-আপ গাড়ীর পুরাতন টায়ার	৫০ টি (কম/ বেশী)		

শর্তাবলীঃ

- ০১। আগ্রহী দরদাতাগণকে আগামী ২৮/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে সীলগালাযুক্ত খামে নীলাম দরপত্র নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর (সুটিপাড়া, নীলফামারী) অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাঞ্ছা দাখিল করতে হবে। ডাকযোগে এবং নির্ধারিত সময়ের পর কোন নীলাম দরপত্র গ্রহণ করা হবে না। উল্লিখিত দপ্তরসমূহে দাখিলকৃত নীলাম দরপত্র সমূহ একই তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত নীলাম দরদাতা/ মনোনীত প্রতিনিধির সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। খামের উপরে “ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ/জীপ ও পিক-আপ গাড়ীর টায়ার নীলামে ক্রয়ের দরপত্র” কথাটি স্পষ্ট করে লিখতে হবে। এছাড়া, উদ্ধৃত দরে কোন ধরনের কাটাকাটি বা ঘষামাজা করা হলে দরপত্র বাতিলযোগ্য বলে বিবেচিত হবে। আইটেম ওয়ারি পৃথকভাবে দর দাখিল করা যাবে।
- ০৩। নীলাম দরপত্রে দর উল্লেখ পূর্বক উদ্ধৃত নীলাম দরের ২৫% (শতকরা পঁচিশ) হারে নিরাপত্তা জামানত হিসেবে “নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত MICR ডিডি/পে-অর্ডার আকারে নীলাম দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নিরাপত্তা জামানত দাখিল ব্যতীত সংশ্লিষ্ট নীলাম দরপত্র সমূহ বাতিলযোগ্য বলে বিবেচিত হবে।
- ০৪। বর্ণিত প্যাকেজিং কাঠ, জীপ ও পিক-আপ গাড়ীর টায়ার সমূহ আগামী ২৮/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকার পূর্ব পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর অফিসে “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে” পরিদর্শন করা যাবে।
- ০৫। প্রাপ্ত নীলাম দরপত্র সমূহ যথাযথভাবে মূল্যায়নের পর সর্বোচ্চ নীলাম দরদাতাকে বর্ণিত প্যাকেজিং কাঠ, জীপ ও পিক-আপ গাড়ীর টায়ার সমূহ নীলামে বিক্রয়ের বিষয়ে নীলফামারী পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট নীলাম মূল্য (৭৫%) নগদ পরিশোধ করে অথবা MICR ডিডি/পে-অর্ডার আকারে পবিসের সদর দপ্তর ক্যাশ শাখায় পরিশোধ করে মালামাল সমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত করে ২য় সর্বোচ্চ নীলাম দরদাতাকে (সর্বনিম্ন ধার্যকৃত নীলাম দরের চেয়ে উদ্ধৃত নীলাম দর বেশী হলে) ক্রয় প্রস্তাব করা হবে।
- ০৬। বর্ণিত প্যাকেজিং কাঠ, জীপ ও পিক-আপ গাড়ীর টায়ার সমূহ গ্রহণের পূর্বে সর্বোচ্চ নীলাম দরদাতাকে প্রদত্ত দরের উপর সর্বশেষ সরকার নির্ধারিত হারে উৎস কর এবং ভ্যাট সমিতিতে নগদ জমা দিতে হবে।


অপর পৃষ্ঠার দৃষ্টব্য

- ০৭। নীলফামারী পবিস কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৮। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-সদয় অবগতির জন্য।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো রংপুর।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নীলফামারী।
- ০৭। সকল ডিজিএম, নীলফামারী পবিস।
- ০৮। সকল এজিএম, নীলফামারী পবিস [এজিএম (আইটি) পবিসের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন]।
- ০৯। নোটিশ বোর্ড, নীলফামারী পবিস।
- ১০। অফিস কপি/মাষ্টার কপি।


(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার

